

Bengali

# লিংক আপ

ঘরের ভিতর মেরামতের কাজে

## এংকর স্টেইয়িং পুট

এংকর স্টেইয়িং পুট স্কীম যারা নিজেদের ঘরে বসবাস করছে তাদের ঘরের ভিতরের ছোটখাট কাজ করে দিবে এবং কোন কিছু নষ্ট হলে তা ঠিক করে দিবে।

যে সব কাজ তারা করবে :

- ছোটখাট প্লামিংয়ের কাজ
- ছোটখাট ইলেক্ট্রিক্যাল/বিদ্যুতের মেরামতের কাজ ( মেইনস্ বা বিদ্যুত বাহি প্রধান তারের কাজ ছাড়া )
- বাড়ির সিকুরিটির কাজ
- ছোটখাট জয়েনারি বা কাঠের কাজ
- অন্যান্য ছোটখাট মেরামতের কাজ যা নির্ধারণ করা হবে ঘর পরিদর্শনের উপর।

যোগাযোগ করুন 0191 495 6179 বা ইমেল করুন [newgatstayingput@anchor.org.uk](mailto:newgatstayingput@anchor.org.uk)

## স্মোল টাস্ক টিম

গেটস্‌হেড হাউজিং কোম্পানি গঠন করেছে ছোট কাজের দল যারা ঘরের যে সব কাজ জরুরী ভিত্তিতে করতে হবে না সে সব কাজ করে দিবে। এ সব কাজের আওতায় পরবে বলক বা বন্ধ হওয়া সিংক , শেল্ফ লাগানো বা বড় ধরনের কাজ যেমন বাড়ির বাগান এমন ভাবে তৈরি করে দিবে যেটাকে সুন্দর রাখতে খুব কম কাজ করা লাগবে। এই দল করতে পারবে না নিয়মিত বাড়ির দেখাশুনার কাজ যেমন নিয়মিত ভাবে বাগানের আগাছা পরিষ্কার করা , বিশেষ কাজ যেমন গ্যাস বা বিদ্যুতের (ইলেক্ট্রিসিটি) ,এবং ঐসব কাজ যা করতে বিশেষ জিনিষপত্রের প্রয়োজন হবে যেমন জানালায় কাঁচ লাগানো। এই সব সার্ভিসের সুবিধা পাওয়ার জন্য আপনার হতে হবে :

- গেটস্‌ হেড হাউজিং কোম্পানীর ভাড়াটিয়া বা লিজহোল্ডার
- বয়স ৫০ বৎসরের উর্ধে
- আপনার অসুস্থতার বা শারিরিক কারণে এই সব কাজ করতে পারেন না
- আপনাকে সাহায্য করার কেউ নেই

যোগাযোগ করুন 0191 433 5353 অথবা আপনার নিকটবর্তী হাউসিং অফিসে গিয়ে এই সার্ভিস সম্বন্ধে জিজ্ঞাসা করতে পারেন বা সমোল টাস্ক সম্বন্ধে আরো জানার জন্য লগ করুন

[www.gatesheadhousing.co.uk/yourhome/repairs](http://www.gatesheadhousing.co.uk/yourhome/repairs)

## আবর্জনা এবং বাতিল জিনিষপত্রের কালেকশন (নেওয়ার) সার্ভিস

যাদের শারিরিক দুর্বলতা বা অক্ষমতা আছে তাদের জন্য এ ব্যাপারে সাহায্যের আয়োজন করা হবে , যারা আবর্জনার বিন নিজে সরাতে পারেন না এবং যাদের কেউ নাই সাহায্য করার মত।

যোগাযোগ করুন 0191 433 7000 (২৪ ঘন্টার লাইন) বা ইমেল

[enquiries@envservices.gateshead.gov.uk](mailto:enquiries@envservices.gateshead.gov.uk)

পরবর্তী পৃষ্ঠায় দেখুন

## গেটস্হেড ওয়ার্ম জোন

গেটস্হেড ওয়ার্ম জোনের (GWZ) উদ্দেশ্য হল গেটস্হেড এলাকায় সমগ্র গেটস্হেডের বাড়িগুলোতে জ্বালানীর ঘাটতি দূর করা এবং জ্বালানীর সুব্যবহার বা অপচয় রোধের হার বৃদ্ধি করা।

এই উদ্দেশ্য বাস্তবায়ন করা হবে লফ্ট এবং দেয়ালের ভিতরের খালি স্থানে ( ক্যাভিটি ওয়াল ) ইনসুলেশন করার মাধ্যমে যা গেটস্হেডের বেশীর ভাগ ঘরে দেওয়ান হবে , সাথে সাথে দেওয়া হবে ইহার সুফল এবং জালানী সম্বন্ধনীয় পরামর্শ ।

GWZ প্রজেক্ট দ্বারা সকল হাউসিং বিভাগের মানুষেরা উপকৃত হবে বিনামূল্যে ইনসুলেশন পেয়ে যদি আপনি হন :

- যে সব ঘরবাড়িতে জালানীর ঘাটতি দেখা দিবে ( যে কোন হাউসিং শর্তাবলীর আওতায়ধীন )
- যে সব ঘরবাড়ি বিশেষ পাসপোর্ট বেনিফিট পেয়ে থাকে
- গেটস্হেড হাউসিং কোম্পানীর সকল ঘরবাড়ি
- সব ৬০ বছরের উর্ধের নাগরিকরা

বিনামূল্যে বেনিফিট সংক্রান্ত পরামর্শ এবং সাহায্য দেওয়া হবে অর্জিত অর্থ উপযুক্ত ভাবে ব্যয় করার পরামর্শ এবং আরো দেওয়া হবে বিনামূল্যে জ্বালানী সম্বন্ধনীয় পরামর্শ (ঘর চালানোর অতিরিক্ত খরচ যাতে কমানো যায় )

আরো তথ্যাদির জন্য যোগাযোগ করুন **GWZ 0191 477 1919**